হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৯৯ ঃ মেহেরপুর- মঙ্গলবার ২৯ জুলাই ২০২৫ ইং ঃ ১৪ শ্রাবণ ১৪৩২ বাংলা ঃ ৩ সফর ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর



'ঢাকা থেকে এসে সব ভালো চরিত্রগুলো করে যাচ্ছ', সমালোচনার জবাবে জয়া -পৃষ্ঠ-৩




## ২৯ জুলাই : লাল কাপড় বেঁধে প্রতিবাদ শুরু করে আন্দোলনকারীরা

নিজস্ব প্রতিবেদক

২০২৪ সালের ২৯ জুলাই রাষ্ট্রীয় শোক প্রত্যাখ্যান করে মুখে ও চোখে লাল কাপড় বেঁধে ছবি তোলা এবং অনলাইনে তা ব্যাপক ভাবে প্রচারের কর্মসূচি ঘোষণা করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক মাহিন সরকার সোমবার রাত সাড়ে নয়টার দিকে গণমাধ্যমকর্মীদের খুদে বার্তা পাঠিয়ে নতুন কর্মসূচির কথা জানান।

এতে বলা হয়, হত্যা ও নির্যাতনের বিচার না করে সাধারণ শিক্ষার্থীদের নিয়ে নির্মম উপহাস করা হচ্ছে। এর প্রতিবাদে রাষ্ট্রীয় শোক প্রত্যাখ্যান করে ৩০ জুলাই মঙ্গলবার মুখে ও চোখে লাল কাপড় বেঁধে ছবি তোলা এবং অনলাইনে তা ব্যাপক প্রচারের কর্মসূচি ঘোষণা করা হয়। একই সঙ্গে

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে হত্যা মামলায় একজনের ফাঁসি

মেহেরপুর প্রতিনিধি



মেহেরপুর সদর উপজেলা শোলমারী গ্রামের জামাল হত্যা মামলায় বাচ্চু মিয়া(৪০) নামের একজনের ফাঁসি দিয়েছে আদালত। আজ সোমবার দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিচারক এ এস এম নাসিম রেজা এ রায় ঘোষণা করেন। মামলার বিবরণে জানা গেছে, ২০২২ সালের ৮ সেপ্টেম্বর, মেহেরপুর সদর থানাপাড়ার হাশেম মিয়া লিচু বাগানে গামছা পেঁচিয়ে জামাল হোসেনকে হত্যা করে। এ ঘটনায় নিহতের ভাই আলমগীর হোসেন বাদি হয়ে ২০২২ সালের ১০ সেপ্টেম্বর অজ্ঞাতনামা আসামি করে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করেন।

আদালত আসামির জবানবন্দি ও ২৩ জন সাক্ষীর সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে বাচ্চু মিয়াকে ফাঁসি ও ৫০ হাজার টাকা জরিমানা অনাদায় আরও দুই বছরের কারাদণ্ড প্রদান করেন। মামলায় রাষ্ট্রপক্ষের কৌশলী ছিলেন এ এস এম সাইদুর রাজ্জাক ও আসামি পক্ষের আইনজীবী হিসেবে উপস্থিত ছিলেন এহসান উদ্দিন মনা। রাষ্ট্রপক্ষের কৌশলী এ এস এম সাইদুর রাজ্জাক বলেন, "এই রায়ে ন্যায়বিচার প্রতিষ্ঠা হয়েছে।" আসামিপক্ষের আইনজীবী এহসান উদ্দিন মনা জানান, তারা উচ্চ আদালতে আপিল করবেন। রায়ের পর জামালের পরিবার সন্তোষ প্রকাশ করে বলে, "আমরা অনেকদিন ধরে এই বিচারের অপেক্ষায় ছিলাম। আদালতের রায়ে আমরা খুশি।"

মামলার বিবরণে নিহতের ভাই আলমগীর হোসেন বলেন, জামাল হোসনে প্রতিদিন সকাল ০৮.৩০/৯.০০ টার দিকে রামকৃষ্ণপুর ধলা, গাংনী থেকে মেহেরপুর শহরে ইজিবাইক চালাইত এবং দুপুরের দিকে খাবার খাওয়ার জন্য বাড়িতে আসতো। ঘটনার দিন দুপুরে আমার ভাই বাড়িতে খাবার খেতে না আসলে, আমি আমার ভাইয়ের মোবাইল নম্বরে ফোন দিয়। তার মোবাইল ফোন বন্ধ পায়। ঐ দিন বেলা অনুমান ২টা ৩০ মিনিটের দিকে পুলিশের মাধ্যমে জানতে পারি যে, মেহেরপুর শহরের নতুন শেখপাড়ার হাসেম মিয়ার লিচু বাগানের ভিতরে লিচু গাছের নিচে আমার বড় ভাই জামালের মৃত দেহ পড়ে

২-এর পৃষ্ঠা দেখুন



## ভাটপাড়া আবাসন: বৃষ্টির জল আর মানুষের কান্নার গল্প

নিজস্ব প্রতিবেদক

ভাটপাড়াড় নামটা একসময় শুনলেই মনে হত, কোথাও একটা নিরাপদ আশ্রয়, যেখানে ঘরহীন মানুষদের নতুন জীবনের শুরু। ২০০2 সালের কথা, যখন মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া নীলকুঠি এলাকায় ছিন্নমূল মানুষদের জন্য নির্মাণ করা হয়েছিল ভাটপাড়া আবাসন প্রকল্প। এক সময় ছিল যেখানে প্রত্যেক পরিবার পেয়ে গিয়েছিল স্বপ্নের ঘর, স্বপ্ন দেখেছিল নতুন জীবনের। কিন্তু আজ, দুই দশক পরে সেই স্বপ্ন কোথায়? ভাটপাড়া আজ যেন এক বড় কষ্টের মেলায় পরিণত হয়েছে, যেখানে পানি আসে ভাঙা টিনের ছাদের ফাঁক দিয়ে, খুশির বদলে আসে কান্না আর হতাশা।

আকমল হোসেন, বয়স আশি ছুঁইছুঁই, প্রথম যখন ঘর পেয়েছিলেন, তখন ভাবতেন জীবনের ঝড়-ঝাপটা এবার থামবে। তিনি জানালেন,

"আমাদের মতো গরিবের জন্য ঘর পাওয়াটা ছিল যেন ঈশ্বরের দান। কিন্তু বৃষ্টি হলে এই ছাদ ফাটে, ছাতা মাথায় নিয়ে ঘরে থাকতে হয়। দেয়ালে ফাটল ধরে, মেঝেতে কাদা জমে যায়। আমাদের জীবনের

২-এর পৃষ্ঠা দেখুন



## বামন্দী জনতা ব্যাংক: গ্রামের হৃদয়ে গড়া শত কোটির আস্থার ঠিকানা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার ছোট্ট গ্রাম বামন্দী। কোথাও ধানের মাঠ, কোথাও হাটবারের ব্যস্ততা। সেই সবুজ-সাধারণ গ্রামে দাঁড়িয়ে আছে একটি স্বপ্নের নাম জনতা ব্যাংক বামন্দী শাখা। পল্লীর মানুষের বিশ্বাস, নির্ভরতা ও সঞ্চয়ের প্রতীক হয়ে আজ এই ব্যাংক ছুঁয়ে

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে মাদক মামলায় দুইজনের সশ্রম কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে মাদক মামলায় দুই মাদক কারবারিকে সশ্রম কারাদণ্ড ও অর্থদণ্ডের আদেশ দিয়েছেন আদালত। দীর্ঘ বিচারিক প্রক্রিয়া শেষে সোমবার (২৮ জুলাই) দুপুরে মেহেরপুর চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো. শাজাহান আলী এ রায় ঘোষণা করেন।

রায়ে মো. আলফাজকে এক বছর ছয় মাসের সশ্রম কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও এক মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে। অপর আসামি ইমরানকে দুই বছরের সশ্রম কারাদণ্ড ও একই

২-এর পৃষ্ঠা দেখুন



## আমাদের সূর্যোদয়ে সংবাদ প্রকাশের পর সরিয়ে নিল নিম্নমানের মানের ইট

নিজেস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শোলমারী-রামদাসপুর সড়ক সংস্কারকাজে ব্যবহার করা পরিত্যক্ত ও নিম্নমানের ইট সরিয়ে নিয়েছে ঠিকাদারি প্রতিষ্ঠান। দৈনিক আমাদের সূর্যোদয়সহ বিভিন্ন গণমাধ্যমে বিষয়টি উঠে আসার পর স্থানীয় প্রতিবাদের মুখে সোমবার সকাল থেকে ইট

২-এর পৃষ্ঠা দেখুন

## বাধ্যতামূলক অবসরে আরও ৪ ডিআইজি

সূর্যোদয় প্রতিবেদন

সরকার জনস্বার্থের কারণে বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছে বাংলাদেশ পুলিশের চারজন ঊর্ধ্বতন কর্মকর্তাকে। সোমবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে জারি করা পৃথক প্রজ্ঞাপনে এ তথ্য নিশ্চিত করা হয়। রাষ্ট্রপতির আদেশক্রমে এবং সিনিয়র সচিব নাসিমুল গনির স্বাক্ষরিত প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে, সরকারি চাকরি আইনের বিধান অনুযায়ী জনস্বার্থে তাঁদের অবসর কার্যকর করা হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তারা বিধি মোতাবেক অবসরজনিত সকল সুবিধা পাবেন। বাধ্যতামূলক অবসরপ্রাপ্তদের মধ্যে রয়েছেন ঢাকা রেঞ্জ

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে আইন শৃঙ্খলা ও গ্রাম আদালত কমিটির সভা

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলায় আইন শৃঙ্খলা উন্নয়ন ও চোরাচালান প্রতিরোধ এবং গ্রাম আদালত কার্যক্রমকে জোরদার করার লক্ষ্যে দুইটি গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (২৮ জুলাই) সকালে গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে আইন শৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির সভায় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেনের সভাপতিত্বে

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে ছুরিকাঘাত মামলার আসামি গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলায় ঘটে যাওয়া আলোচিত ছুরিকাঘাত মামলার প্রধান আসামি মিয়ারুল ইসলাম (২৪) কে অবশেষে পুলিশ গ্রেফতার করেছে। গত রবিবার (২৭ জুলাই) রাতে সদর থানা পুলিশ অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে। পুলিশ সুত্রে জানা গেছে, ২৩ জুলাই রাত আনুমানিক ১১টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালের প্রধান গেটসংলগ্ন সড়কে পূর্ব শত্রুতার জেরে সাগরকে ছুরকাঘত করে মিয়ারুল ইসলাম। এসময় সাগরের গলা, বুক ও হাতে একাধিক ছুরিকাঘাত করা হয়। পরে স্থানীয়রা তাকে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার

২-এর পৃষ্ঠা দেখুন

## সন্ত্রাসবিরোধী কার্যক্রমে অন্তর্বর্তী সরকারের 'জিরো টলারেন্স' নীতি

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকা, ২৮ জুলাই বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস দেশজুড়ে সন্ত্রাসী কর্মকাণ্ড প্রতিরোধে 'জিরো টলারেন্স' নীতির কথা ঘোষণা করেছেন। সোমবার ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত ট্রেসি অ্যান জ্যাকবসনের সঙ্গে এক সৌহার্দ্যপূর্ণ বৈঠকে এ প্রতিশ্রুতি দেন তিনি। বৈঠকের পর ফরেন সার্ভিস একাডেমিতে প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম সাংবাদিকদের জানান, বৈঠকে যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান পাল্টা শুল্ক, বাংলাদেশের জাতীয় নির্বাচনের প্রস্তুতি, ঐকমত্য কমিশনের সংলাপ এবং দেশের কাউন্টার টেরোরিজম বিষয়ে

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে বিএনপির লিফলেট বিতরণ ও পথসভা

নিজস্ব প্রতিবেদক

তৃণমূল পর্যায়ে সাংগঠনিক কর্মকাণ্ড জোরদার ও ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও পথসভার আয়োজন করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। সোমবার (২৮জুলাই) বিকাল থেকে শুরু হওয়া এই কর্মসূচি দিঘিরপাড়া থেকে যাত্রা শুরু করে ঝাউবাড়িয়া হয়ে সুবিদপুরে গিয়ে এ পথসভায় পরিসমাপ্তি ঘটে। পুরো পথ জুড়ে দলীয় নেতা-কর্মীদের সরব উপস্থিতি, স্লোগান এবং লিফলেট বিতরণের মধ্য দিয়ে কর্মসূচিটি একটি প্রাণবন্ত রাজনৈতিক আয়োজন

২-এর পৃষ্ঠা দেখুন

## জুলাই আন্দোলন কেন মানি মেকিং মেশিন- উমামা ফাতেমা

সূর্যোদয় প্রতিবেদন

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক মুখপাত্র ও সমন্বয়ক উমামা ফাতেমা সম্প্রতি নিজের ভেরিফায়েড ফেসবুক পেজ থেকে লাইভ এসে একাধিক সংবেদনশীল ও গুরুত্বপুর্ণ কথা বলেছেন। কান্নাজড়িত কণ্ঠে তিনি আন্দোলনের পেছনের বাস্তবতা তুলে ধরে বলেন, 'জুলাই আন্দোলন অনেক বড় অভিজ্ঞতা হলেও তা কখনো ভাবিনি টাকা-টাকা আয়ের মাধ্যম হবে। কিন্তু আজ দেখছি, অনেকেই টেন্ডার বাণিজ্য, নিয়োগপত্র বণ্টনসহ বিভিন্ন দফতর থেকে অর্থ আয়ের কাজে নিয়োজিত হয়েছে।' উমামার মতে, 'আমার জানা ছিল না, এই আন্দোলনের নামে এত বেশি

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে কৃষকদের মাঝে পেঁয়াজ সংরক্ষণে এয়ার ফ্লো মেশিন বিতরণ

মুজিবনগর প্রতিনিধি

পেঁয়াজ সংরক্ষণের সক্ষমতা বাড়াতে মেহেরপুরের মুজিবনগর উপজেলায় ৩০ জন কৃষকের মধ্যে বিতরণ করা হয়েছে এয়ার ফ্লো মেশিন। সোমবার দুপুরে উপজেলা কৃষি অফিস প্রাঙ্গণে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় এই যন্ত্র বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

প্রত্যেক কৃষককে একাউন্ট পে চেকের মাধ্যমে ২৭ হাজার টাকা করে প্রদান করা হয়। এ টাকার মাধ্যমে তারা নিজস্বভাবে যেকোনো স্বীকৃত কোম্পানি থেকে এয়ার ফ্লো মেশিন ক্রয় করবেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলার ভারপ্রাপ্ত কৃষি কর্মকর্তা রফিকুল ইসলাম।

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (অনলাইন ক্যাসিনো ও কমিশন বাণিজ্য)

অবৈধভাবে গড়ে উঠেছে
কমিশন ব্যবসা মেহেরপুরে
চলছে এখন একটাই পুঁজি
অনলাইনের ক্যাসিনোতে।
এক হাত হতে অন্য হাতে
যাচ্ছে টাকা কমিশনে
রেফার করছে ক্যাসিনো অ্যাপে
যাচ্ছে টাকা বিকাশে।
আঙ্গুল ফুলে কলা গাছ
আগে ছিল ফকিরন্নী
অ্যাকাউন্ট খুলে আসছে ডলার
দিন না যেতেই কোটিপতি।
আগে ছিল লীগ প্রীতি
এখন হলো জাতীয়তাবাদ
কেউ হচ্ছে কোটিপতি
কারো হচ্ছে সর্বনাশ।



## মেহেরপুরে পারফরমেন্স ভিত্তিক এসইডিপি স্কিমে ৩১ শিক্ষার্থীকে সম্মাননা

মেহেরপুর প্রতিনিধি

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত পারফরমেন্স বেজড গ্রান্টস ফর সেকেন্ডারি

২-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচনের আগে প্রয়োজন অনুযায়ী প্রশাসনের রদবদল

সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচনকে সামনে রেখে প্রশাসনে রদবদল নিয়ে সরকারের অবস্থান পরিষ্কার করেছেন প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব আবুল কালাম আজাদ মজুমদার। তিনি বলেন, "নির্বাচনের আগে রদবদল হবে, তবে সব জায়গায় নয়ড় যেখানে প্রয়োজন, শুধু সেখানেই রদবদল করা হবে।" রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত এক ব্রিফিংয়ে এ কথা জানান তিনি। এসময় তিনি জানান, নির্বাচনের আগেই দেশের অপরাধপ্রবণ অঞ্চলগুলো চিহ্নিত করতে আইনশৃঙ্খলা বাহিনীকে নির্দেশ

২-এর পৃষ্ঠা দেখুন




## শহীদ পরিবার ও জুলাই যোদ্ধাদের সংবর্ধনা'র প্রস্তুতি সভা

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে শহীদ পরিবার ও জুলাই যোদ্ধাদের সংবর্ধনা এবং ৫ আগস্টের কর্মসূচি পালনের লক্ষ্যে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। এতে উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা.

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুর জামায়াতের সভা

মেহেরপুর প্রতিনিধি

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন শাখা জামায়াতে ইসলামীর নির্বাচনী পরিচালনা কমিটির এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২৮ জুলাই) দুপুরে রাধাকান্তপুর গ্রামে অনুষ্ঠিত এই সভায় মাঠপর্যায়ের সাংগঠনিক প্রস্তুতি এবং ভোটারদের সচেতন করতে নানা কৌশল ও কর্মপরিকল্পনা তুলে ধরা হয়। সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর সদর উপজেলা জামায়াতের আমীর সোহেল রানা। প্রধান

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ মঙ্গলবার ॥ ১৪ শ্রাবণ ১৪৩২ বাংলা ॥ ২৯ জুলাই ২০২৫ইং

# মেহেরপুরে 'ক্রসফায়ারে' আলোচিত এসপি নাহিদে'র বাধ্যতামূলক অবসরে



মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরে কথিত 'ক্রসফায়ারে' জামায়াত নেতা তারিক মোহাম্মদ সাইফুল ইসলাম নিহতের ঘটনায় আলোচিত তৎকালীন পুলিশ সুপার (এসপি) এ কে এম নাহিদুল ইসলামকে অবশেষে বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়েছে।

সোমবার (২৮ জুলাই) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। রাষ্ট্রপতির আদেশক্রমে জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব মো. নাসিমুল গনি স্বাক্ষরিত প্রজ্ঞাপনে বলা হয়, 'জনস্বার্থে তাঁদের সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো। বিধি অনুযায়ী তাঁরা অবসর-সুবিধা প্রাপ্ত হবেন।' আদেশটি অবিলম্বে কার্যকর হবে বলেও প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়।২০১৪ সালের দিকে মেহেরপুর জেলার পুলিশ সুপার ছিলেন এ কে এম নাহিদুল ইসলাম। ওই সময় জামায়াতে ইসলামীর নেতা তারিক মোহাম্মদ সাইফুল ইসলামকে ইসলামী ব্যাংক মেহেরপুর শাখা সংলগ্ন এলাকা থেকে আটক করা হয়। এরপর রাতে সদর উপজেলার বন্দর গ্রামের এক ফাঁকা মাঠে 'বন্দুকযুদ্ধে' নিহত হওয়ার খবর দেয় পুলিশ। তবে নিহতের পরিবার ও স্থানীয়রা বরাবরই এটিকে 'পরিকল্পিত হত্যা' বলে দাবি করে আসছিলেন। ঘটনাটিকে কেন্দ্র করে তৎকালীন সময়ে

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## বর্ষায় মশলা সংরক্ষণ করবেন যেভাবে

সূর্যোদয় প্রতিবেদন

বর্ষাকালে টানা বৃষ্টির ফলে বাড়ির অনেক কিছুই নষ্ট হয়ে যায়। আবার কিছু কিছু জিনিস নষ্ট না হলেও ব্যবহারের অনুপযোগী হয়ে যায়। তেমনি এক জিনিস হচ্ছে মসলা। বৃষ্টির সময়ে মসলা সঠিকভাবে সংরক্ষণের অভাবে একটা উটকো গন্ধ তৈরি হয়। মসলার আসল গন্ধ উবে গেলে কিন্তু রান্নায় স্বাদ আসে না। অনেকখানি মসলা একসঙ্গে কিনে রাখলে বর্ষায় কিন্তু নষ্ট হয়ে যাওয়ার আশঙ্কা থাকে। বর্ষায় মসলার সমস্যার মুখোমুখি হতে হয় কমবেশি সবাইকেই। তাই বর্ষায় স্যাঁতসেঁতে আবহাওয়ায় মসলাপাতি ভালো রাখবেন কোন উপায়ে, জেনে নিন- ১। মসলা কখনোই কোনো আলগা কৌটাতে রাখবেন না। সব সময় কৌটার মুখ টাইট করে বন্ধ করে রাখবেন। এতে বাতাস ঢুকবে না, মসলা স্যাঁতসেঁতে হয়ে যাওয়া বা মসলায় ছাতা পড়ে যাওয়ার মতো সমস্যাও হবে না। রান্নার সময়ে প্রয়োজনীয় পরিমাণ মসলা নিয়েই তাড়াতাড়ি কৌটার ঢাকনা আটকে দিন।
২। গোটা মসলা বাজার থেকে কিনে আনার পর একটু শুকনো তাওয়ায় নাড়াচাড়া করে তবে কৌটাতে রাখুন। এই পদ্ধতি মানলে দীর্ঘদিন মসলাপাতি ভালো থাকবে। আর রান্নায় স্বাদও বাড়বে। ৩। রান্নাঘরে জানালার সামনে কিংবা সরাসরি গ্যাসের সামনে মসলার কৌটা রাখবেন না। তাপ আর আর্দ্রতা মিশে মসলা খারাপ হয়ে যায়। ব্যবহার করার সঙ্গে সঙ্গে মসলাগুলো আলমারিতে ঠাণ্ডা পরিবেশে রাখুন। ৪। বর্ষার সময় অনেকখানি গুঁড়া মসলা কৌটায় রাখলে দেখা যায়, তাতে পোকা ধরে গেছে। এই সমস্যার

৩-এর পৃষ্ঠা দেখুন



ক্যাশবপাড়ায় মিনি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

## প্রথম ম্যাচে বয়েজ টেনের দাপুটে জয়

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর শহরের ক্যাশবপাড়া যুব সম্প্রদায়ের উদ্যোগে আয়োজিত মিনি ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেলে শহরের ক্যাশবপাড়া মাঠে এ টুর্নামেন্টের উদ্বোধন করেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস। উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মোঃ আব্দুর রাকিব, মোঃ মফিজুল ইসলাম, হাফিজুর রহমান, তোফাজ্জেল হোসেন, মোঃ শিলন, রবিউল ইসলাম, আব্দুল্লাহ আল মামুন ও মোনায়েম খান প্রমুখ। টুর্নামেন্টে চারটি দল অংশগ্রহণ করছে। দলগুলো হলো ক্যাশবপাড়া বয়েজ টেন, ক্যাশবপাড়া সুপার কিং, ক্যাশবপাড়া সুপার স্টার এবং ক্যাশবপাড়া একাদশ। উদ্বোধনী খেলায় ক্যাশবপাড়া বয়েজ টেন ৪-০ ব্যবধানে ক্যাশবপাড়া সুপার কিংকে পরাজিত করে দারুণ সূচনা করেছে। বিজয়ী

৩-এর পৃষ্ঠা দেখুন

## বাংলাদেশে পুশইন নিয়ে ওয়াইসির তীব্র সমালোচনা

সূর্যোদয় প্রতিবেদন

ভারত-বাংলাদেশ সীমান্তে বাংলাভাষী মুসলমানদের পুশইন ও বেআইনিভাবে আটকের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানিয়েছেন অল ইন্ডিয়া মজলিস-ই-ইত্তেহাদুল মুসলিমিন (এআইএমআইএম)-এর প্রধান আসাদুদ্দিন ওয়াইসি। তার অভিযোগ, ভারত সরকার 'বাংলাদেশি' তকমা দিয়ে বহু ভারতীয় নাগরিককে জোরপূর্বক বাংলাদেশে ঠেলে দিচ্ছে। তিনি এই পদক্ষেপকে 'নৈতিক লঙ্ঘন' এবং 'ব্যাকডোর এনআরসি' বলেও অভিহিত করেছেন। সম্প্রতি আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডব্লিউ) এক প্রতিবেদনে জানায়, কোনো প্রক্রিয়া ছাড়াই ভারত সরকার হাজারো বাংলাভাষী মুসলমানকে বাংলাদেশে পুশইন করছে। তাদের মধ্যে অনেকে আসামের পাশাপাশি পশ্চিমবঙ্গ, বিহার ও ত্রিপুরার ভারতীয় নাগরিক বলে উল্লেখ করা হয়। এই প্রেক্ষাপটেই মুখ খুললেন ওয়াইসি। শনিবার এক্স (পূর্বতন টুইটার) হ্যান্ডেলে একাধিক পোস্টে ওয়াইসি বলেন, "দেশের বিভিন্ন জায়গায় বাংলাভাষী মুসলিমদের 'বাংলাদেশি' তকমা দিয়ে বেআইনিভাবে আটক করা হচ্ছে। অথচ এদের অধিকাংশই ভারতীয় নাগরিক। তারা নির্মাণ শ্রমিক, সাফাইকর্মী বা রাস্তার আবর্জনা পরিষ্কারের মতো পরিশ্রমী ও দরিদ্র শ্রেণির মানুষ। প্রশাসন তাদের দুর্বলতাকে কাজে লাগিয়ে অন্যায়ভাবে দমন করছে।" ওয়াইসি আরও বলেন, "এ সরকার শক্তের কাছে দুর্বল, আর দুর্বলের কাছে শক্ত।" তিনি প্রশাসনের উদ্দেশে প্রশ্ন ছুড়ে দেন, "শুধু বাংলা ভাষায় কথা বলেন বলে কাউকে কি গ্রেফতার করা যায়? এটা সম্পূর্ণ বেআইনি ও অসাংবিধানিক।" ওয়াইসি গুরুগ্রামের জেলা প্রশাসকের একটি নির্দেশিকার উদাহরণ তুলে ধরেন। সেই নির্দেশিকায় রোহিঙ্গা ও বাংলাদেশিদের চিহ্নিত করে ফেরত পাঠানোর এসওপি (স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর) অনুসরণের কথা বলা হয়েছে। এ প্রসঙ্গে ওয়াইসি বলেন, "ভাষার ভিত্তিতে কাউকে অপরাধী বানানো চলতে পারে না।" সম্প্রতি পুনের বুধওয়ার পেঠ এলাকার একটি রেড লাইট জোন থেকে পাঁচ বাংলাদেশি নারীকে গ্রেফতারের ঘটনায় সরকারের ভূমিকা নিয়েও প্রশ্ন তোলেন ওয়াইসি। পুলিশের দাবি, ওই নারীরা জাল কাগজপত্র ব্যবহার করে ভারতে প্রবেশ করেছিলেন এবং মানবপাচারের শিকার হয়ে পতিতাবৃত্তির সঙ্গে যুক্ত হয়ে পড়েন। ওয়াইসির প্রশ্ন, "বিচ্ছিন্ন কিছু ঘটনার অজুহাতে কিভাবে হাজার হাজার ভারতীয় নাগরিককে অবৈধ ঘোষণা করে বাংলাদেশে ঠেলে

৩-এর পৃষ্ঠা দেখুন



## ঝিনাইদহে তরুণ শিক্ষার্থীদের পলিথিন নিষিদ্ধ অভিযান

ঝিনাইদহ প্রতিনিধি

জুলাইয়ের চেতনায় জাগ্রত হয়ে ঝিনাইদহে তরুণ শিক্ষার্থীরা শুরু করেছে পরিচ্ছন্নতা ও পলিথিন নিষিদ্ধ অভিযানের কাজ। সোমবার সকালে ঝিনাইদহ শহরের দেবদারু এভিনিউ থেকে এই পরিচ্ছন্ন অভিযান শুরু হয়। এতে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। তারা ঝাড়ু, বেলচা, কোদাল হাতে নিয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক, বসার স্থান এবং স্থাপনা পরিস্কার পরিচ্ছন্ন করেন।

অভিযানের নেতৃত্ব দেওয়া শিক্ষার্থী ইলমা খাতুন জানান, ঝিনাইদহ জেলা পরিষদের সহযোগিতায় 'স্বচ্ছ শহর সজাগ ইতিহাস' কর্মসূচী বাস্তবায়ন করা হচ্ছে। এই কর্মসূচী আগামী ৩০ জুলাই পর্যন্ত চলবে। এর মাধ্যমে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান পরিচ্ছন্ন করা হবে এবং পলিথিন ব্যবহারে নিষেধাজ্ঞা বিষয়ে জনসচেতনতা সৃষ্টি করা হবে।

৩-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাহী বিভাগের কর্তৃত্ব খর্ব করা চলবে না: সালাহউদ্দিন আহমেদ

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় ঐকমত্য কমিশনের চলমান সংলাপ থেকে কিছু সময়ের জন্য ওয়াকআউটের বিষয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেন, দেশে যেন আর কখনো স্বৈরাচার বা ফ্যাসিবাদ জন্ম নিতে না পারে, সে লক্ষ্যে সংবিধান সংশোধনের উদ্যোগে বিএনপি সর্বোচ্চ সহযোগিতা করছে। তবে নির্বাহী বিভাগের ক্ষমতা খর্ব করলে রাষ্ট্র পরিচালনায় ভারসাম্য নষ্ট হবে বলে সতর্ক করেন তিনি। সোমবার রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে রাজনৈতিক দলগুলোর সঙ্গে সংলাপের ২০তম দিনে বৈঠক শেষে এসব কথা বলেন সালাহউদ্দিন। তিনি জানান, বিএনপির পক্ষ থেকে প্রস্তাব দেওয়া হয়েছিল প্রধানমন্ত্রী ১০ বছরের বেশি দায়িত্বে থাকতে পারবেন না, যা ইতিমধ্যে গৃহীত হয়েছে। নির্বাচন কমিশন গঠনের

৩-এর পৃষ্ঠা দেখুন



## নির্বাচনের প্রস্তুতি আছে, কিন্তু নানা ষড়যন্ত্র দেখছি: জামায়াত নেতা তাহের

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নির্বাচন নিয়ে প্রস্তুতি থাকলেও দেশে নানা ষড়যন্ত্রের ইঙ্গিত দেখছেন জামায়াতে ইসলামীর নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের। তিনি বলেছেন, "নির্বাচনে অংশগ্রহণে আমরা

৩-এর পৃষ্ঠা দেখুন

## তাসকিনের ঘটনায় অভিযোগকারীর সঙ্গে কথা বলে ব্যবস্থা নেবে বিসিবি

সূর্যোদয় প্রতিবেদন

তাসকিন আহমেদের এক ঘটনা নিয়ে তোলপাড় দেশের ক্রিকেট। বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের তারকা এই পেসারের বিরুদ্ধে বন্ধুদের গায়ে হাত তোলার অভিযোগ উঠেছে। এই ব্যাপারে থানায় জিডিও হয়েছে। তাসকিনের বিরুদ্ধে এই অভিযোগ নিয়ে বিসিবির পরিচালক ও মিডিয়া কমিটির চেয়ারম্যান ইফতিখার আহমেদ মিঠুর সঙ্গে যোগাযোগ করলে মিঠু জানিয়েছেন, তারা (বিসিবি) পুরো বিষয়টি পর্যবেক্ষণ করছেন। বিসিবির মিডিয়া

৩-এর পৃষ্ঠা দেখুন



## সাংবিধানিক প্রতিষ্ঠানে নিয়োগ নিয়ে বিএনপি যেন একমত হয়: আখতার

সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচন কমিশনের মতো অন্যান্য সাংবিধানিক প্রতিষ্ঠানেও দল নিরপেক্ষ নিয়োগ কমিটি গঠনের বিষয়ে বিএনপিকে একমত হওয়ার আহ্বান জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-র সদস্য সচিব

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভারত চাইলেও পাকিস্তানের বিপক্ষে ম্যাচ বাতিল করতে পারবে না

সূর্যোদয় প্রতিবেদন

ভারত-পাকিস্তানের দ্বিপাক্ষিক সিরিজ এক যুগ ধরে বন্ধ থাকলেও, আসন্ন ২০২৫ এশিয়া কাপের মধ্যে পাকিস্তানের বিপক্ষে ভারতের ম্যাচ বাতিল করার কোনো সম্ভাবনা নেই। পেহলগামে বন্দুকধারীদের গুলিতে ভারতীয় পর্যটক নিহত হওয়ার পর ভারতের ভেতরে পাকিস্তানের বিরুদ্ধে খেলতে না চাওয়ার প্রবল চাপ থাকলেও, ভারতীয় ক্রিকেট নিয়ন্ত্রক সংস্থা বিসিসিআই জানিয়েছে, আয়োজক দেশ হিসেবে তাদের দায়িত্ব থেকে সরে আসা সম্ভব নয়। বিসিসিআই-এর একজন কর্মকর্তা বার্তা সংস্থা আইএএনএসকে বলেন, "বিসিসিআই

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রযুক্তি

## ড্রোন ক্যামেরায় নতুন চমক: এআই নিয়ন্ত্রিত 'আসেলফ্লির-৬০০' উন্মোচন করল তুরস্ক

সূর্যোদয় প্রতিবেদন



বিশ্বের অন্যান্য প্রতিদ্বন্দ্বীদের ছাপিয়ে নিজেদের তৈরি নতুন ড্রোন ক্যামেরা সিস্টেম 'আসেলফ্লির-৬০০' উন্মোচন করেছে তুরস্কের প্রতিরক্ষা প্রযুক্তি নির্মাতা প্রতিষ্ঠান আসেলসান ইলেক্ট্রো-অপটিক নজরদারি ও লক্ষ্য নির্ধারণে সক্ষম এই ক্যামেরা ব্যবস্থাটি এর আগের সংস্করণ এবং আন্তর্জাতিক মানের পণ্যগুলোকেও ছাড়িয়ে গেছে বলে দাবি করেছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা। তুরস্কের বিখ্যাত ড্রোন নির্মাতা বাইকরের সঙ্গে যৌথভাবে এই ক্যামেরা তৈরি করা হয়েছে, যা ইতোমধ্যেই আকিন্সি নামের ভারী ড্রোনে সফলভাবে পরীক্ষিত হয়েছে। খুব শিগগিরই এর সিরিজ উৎপাদন শুরু হবে বলে জানা গেছে। আন্তর্জাতিক নিষেধাজ্ঞা ও ক্যামেরা প্রযুক্তিতে আরোপিত অবরোধের পরিপ্রেক্ষিতেই তুরস্ক নিজস্ব প্রযুক্তি উন্নয়নে ঝুঁকে পড়ে। আসেলসানের আগের ক্যামেরা লাইনআপের মধ্যে রয়েছে আসেলফ্লির-৪০০, ৫০০ এবং ঈঅএঞঝ, যেগুলোর উন্নত সংস্করণ হিসেবে এসেছে আসেলফ্লির-৬০০। আন্তর্জাতিক প্রতিরক্ষা শিল্প মেলা (ওউঊঋ) ২০২৫-এ ইস্তাম্বুলে আনুষ্ঠানিকভাবে ক্যামেরাটি উন্মোচন করা হয়। অনুষ্ঠানে তুরস্কের প্রতিরক্ষা শিল্প অধিদপ্তরের প্রধান হালুক গোরগুন বলেন, 'আমাদের ইলেক্ট্রো-অপটিক্স বিভাগ মনে

৩-এর পৃষ্ঠা দেখুন

**মায়ের হাসি ক্লিনিক**

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

**নিয়মিত রোগী দেখেন**

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
**ডাঃ এম.র. মালিক**
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
**ডাঃ কানিজ নাঈমা**
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা।
( শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
**ডাঃ রুমানা হেলালী (জুসি)**
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
**ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন**
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
**ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ**
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

**শর্মা ফুড প্লাজা**

বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।

মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩

অ্যাপিটাজার, স্যান্ডউইস , বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স , মিট বক্স এড, পাস্তা, সালাদ , ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,




ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা , কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।

এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, মঙ্গলবার, ২৯ জুলাই ২০২৫ ইং

## মেহেরপুরে পানির সংকট ও কৃষি অর্থনীতির বিপর্যয়

মেহেরপুরে ভূগর্ভস্থ পানির স্তরের ভয়াবহ পতন যে মাত্রায় পৌঁছেছে, তা শুধু কৃষির জন্য নয়, সামগ্রিক অর্থনীতির জন্যও এক অশনিসংকেত। কৃষিনির্ভর এই জেলার অধিকাংশ মানুষের জীবিকা এখন চরম অনিশ্চয়তার মুখে। যেখানে ২০২০ সালে পানির স্তর ছিল ৭০-৮০ ফুট, বর্তমানে তা নেমে গেছে ২৮০-৩০০ ফুট পর্যন্ত। এতে নলকূপ অচল হয়ে পড়েছে, ধান-গমের উৎপাদন কমেছে প্রায় ৪০ শতাংশ, এবং অনাবাদি জমির সংখ্যা প্রতিদিনই বাড়ছে। ক্ষুদ্র কৃষকরা দিশেহারা। সেচযন্ত্র বিকল হয়ে পড়ছে, ঋণগ্রস্ত কৃষকরা চাষ ছেড়ে শহরে পাড়ি জমাচ্ছেন। সেচব্যবস্থার এই বিপর্যয় কেবল মাঠেই নয়, গ্রামীণ শ্রমবাজার, কৃষিপণ্য পরিবহন, স্থানীয় বাজার—সব কিছুতেই স্থবিরতা নামিয়ে এনেছে। একইসঙ্গে গৃহস্থালির পানির জন্য দৈনন্দিন সংগ্রাম নারীদের উপর বাড়তি বোঝা তৈরি করছে, শিশুদের পড়ালেখা বিঘ্নিত হচ্ছে। বিশেষজ্ঞরা যথার্থই বলছেন, এই সংকট এখন আর শুধু কৃষির মধ্যেই সীমাবদ্ধ নয়; এটি জনস্বাস্থ্য, পরিবেশ এবং জাতীয় নিরাপত্তার বিষয় হয়ে দাঁড়িয়েছে। জলাধার ভরাট করে বসতি ও বাণিজ্যিক স্থাপনা গড়ে তোলার ফলেই এই বিপর্যয় ত্বরান্বিত হয়েছে। জেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও প্রশাসনের কিছু উদ্যোগ থাকলেও তা অপর্যাপ্ত। ৮৫টি গভীর নলকূপ বসানো হচ্ছে তবে এত গভীর পানি উত্তোলন একটি অস্থায়ী সমাধান মাত্র। টেকসই পথে না গেলে ভবিষ্যতে এই জলাভাব আরও ঘনীভূত হবে। আমরা মনে করি, এখনই জরুরি ভিত্তিতে এই পদক্ষেপগুলো গ্রহণ করতে হবে: ১. স্থানীয় জলাধার পুনঃখনন ও সংরক্ষণ। ২. রেইন ওয়াটার হারভেস্টিং চালু করা। ৩. নিয়ন্ত্রিত পানি উত্তোলনের বিধান কার্যকর করা। ৪. সৌরচালিত সেচ পদ্ধতির বিস্তার। ৫. জনসচেতনতা ও অংশগ্রহণ নিশ্চিত করা। এই সংকট একদিনে তৈরি হয়নি, তাই সমাধানও একদিনে আসবে না। তবে এখনই যদি পরিকল্পিত, সমন্বিত ও টেকসই উদ্যোগ গ্রহণ না করা হয়, তবে মেহেরপুরের শুধু কৃষিক্ষেত্রে নয়—জীবন-জীবিকার প্রতিটি স্তরে এক গভীর সংকটে নিমজ্জিত হবে। এই সংকটের সমাধান শুধু প্রশাসনের কাজ নয়; প্রতিটি নাগরিককে এই যুদ্ধে অংশ নিতে হবে। ভূমি ব্যবহারের ক্ষেত্রে সচেতনতা, পানির অপচয় রোধ এবং স্থানীয়ভাবে সমাধান খোঁজার চেষ্টা সবই এখন সময়ের দাবি।

## ভাটপাড়া আবাসন: বৃষ্টির জল আর

স্বপ্ন আজ হারিয়ে গেছে এই ভাঙা দেয়ালে।" আকমলের স্ত্রী সালমা খাতুনের চোখ ভিজে আসে যখন সে বলে, "আমার ছেলেমেয়েরা স্কুলে যেতে চায়, কিন্তু পড়াশোনার জন্য তো কোনো স্কুল নেই। মক্তবও আছে, কিন্তু শিক্ষকরা নেই। আমার মেয়ে কাঁদে, বই ভিজে গেছে, নতুন বই কিনতে পারি না। খাবার তো দূরের কথা, চিকিৎসা করানোও কঠিন।" সুপেয় পানি সংকট এই আবাসনের সবচেয়ে বড় সমস্যা। গভীর নলকূপ না থাকায় অনেকেই প্রতিদিন দুই থেকে তিন কিলোমিটার হাঁটতে হয় পানি সংগ্রহ করতে। ছোট ছোট শিশুরাও সঙ্গে নিয়ে যায় কলসির বোঝা। বৃষ্টি হলেই রাস্তা নড়বড়ে, কাদা আর পানি দিয়ে ঢেকে যায়। ভিজে যাওয়া মাটির রাস্তা দিয়ে হেঁটে আসা মানেই অসুস্থতার ঝুঁকি। এখানে কোনো স্বাস্থ্যকেন্দ্র নেই, নেই প্রাথমিক বিদ্যালয়। শিশুরা পড়াশোনা থেকে অনেকটাই দূরে। অসুস্থ হলে দূরের ক্লিনিকে যেতে হয়, যেটা অসুবিধাজনক এবং অনেক সময় ব্যয়বহুল।এই পরিস্থিতি নারী-শিশুদের জন্য আরও ভয়াবহ। স্বাস্থ্যসেবা না পেয়ে অনেকে ছোট ছোট রোগে দুর্বল হয়ে পড়ছে। একটি গৃহস্থালী পরিবারেও মৃত্যুর পর লাশ দাফনের ব্যবস্থা থাকা এক মৌলিক অধিকার। কিন্তু ভাটপাড়ার মানুষের সেই অধিকারও নেই। স্থানীয় রইছন নেছা কাঁদতে কাঁদতে বলেন, "আমার স্বামীর জানাজা দিতে গেলে প্রতিবেশী গ্রামের লোকজন বাধা দিয়েছিল। তারা বলেছিল, তোমাদের এখানে কবর দেওয়া যাবে না। আমরা কষ্টে অন্য গ্রামে লাশ দাফন করি, কিন্তু সেই স্মৃতি এখনও চোখের সামনে। মৃতের জন্যও যেন শান্তির ব্যবস্থা নেই আমাদের।" গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন বলেন,

"আমরা বিষয়গুলো সম্পর্কে অবগত আছি। দ্রুত পরিদর্শন করব, ঘর সংস্কারের জন্য বরাদ্দ চাওয়া হয়েছে। পানির সমস্যা সমাধানের চেষ্টা করব। তবে সরকারি কার্যক্রমে কিছু সময় লাগে, ততদিনে আমরা বাসিন্দাদের দুর্ভোগ বুঝতে পারছি।" ভাটপাড়া আবাসন প্রকল্পের বাসিন্দারা এখনো স্বপ্ন দেখে ভালো জীবনের। তাদের কষ্ট আর চাওয়া সত্যিই খুব সাধারণড় নিরাপদ ঘর, পরিষ্কার পানি, স্কুল ও স্বাস্থ্যকেন্দ্র। প্রশাসনের দ্রুত ও কার্যকরী পদক্ষেপ ছাড়া তাদের জীবনের গল্প আগের মতোই বেদনার গল্পেই থেকে যাবে।

## মেহেরপুরে হত্যা মামলায় একজনের ফাঁসি

আছে। আমার মৃত ভাইয়ের পাশে মেহেরপুর জেলা অটো ইজিবাইক মালিক ও চালক সমিতির নং ১৬ তাং আইডিকার্ড, নেশা করার উপকরণ এবং মাটিতে পড়ে থাকা পুরাতন গামছা পায় পুলিশ। সেই আইডিকার্ডের ভিত্তিতে পুলিশ আমাদের বাড়িতে সংবাদ দেয়। আমি সংবাদ পেয়ে আত্মীয়-স্বজনসহ ঘটনাস্থলে উপস্থিত হয়ে আমার মৃত ভাই জামাল হোসেনের মৃত দেহ শনাক্ত করি। লাশের ময়না তদন্ত শেষে আমার ভাইয়ের দাফন-কাফন সম্পন্ন করি ও আমার ভাইয়ের ইজিবাইক ও মোবাইলের অনুসন্ধান করতে থাকি। ইজিবাইক ও মোবাইলটি না পাওয়ায় আমাদের সন্দেহ হয়। তদন্তকারী অফিসার মেজবাহ উদ্দিন আহম্মেদ আসামি বাচ্চু মিয়াকে আটক করে। তার কাছ থেকে ব্যাটারি চালিত অটোভ্যান ও মোবাইল ফোন উদ্ধার করেন। আসামি বাচ্চু মিয়া খুনের কথা স্বীকার করে আদালতে ১৬৪ ধারায় জবানবন্দি দেয়। জবানবন্দিতে সে বলে, আমি অটো চালাতাম সেই সুবাদে নিহত জামালের সাথে সুসম্পর্ক ছিল। ঘটনার দিন নুতন সেখ পাড়ার ঔ বাগানে একসাথে নেশা করি তারপর জামালের গলাই গামছা পেঁচিয়ে শ্বাসরোধ করে হত্যা করি। তার অটো নিয়ে গিয়ে কুষ্টিয়ায় বোনের বাড়ি চলে যায়। পরেরদিন কুষ্টিয়ার রাজিব শেখের কাছে ১লক্ষ ৩০ হাজার টাকায় বিক্রি করি। রাজিব নগদ ১ লক্ষ টাকা দিয়ে দেয় আর বাকি টাকা গাড়ির কাগজপত্র ও চার্জার দিলে দেবে বলে জানায়।

## বামন্দী জনতা ব্যাংক: গ্রামের হৃদয়ে

ফেলেছে এক ব্যতিক্রমী মাইলফলক: আমানত শত কোটি টাকা, গ্রাহক সংখ্যা পঞ্চাশ হাজার। ১৯৭৬ সালে যখন জনতা ব্যাংকের বামন্দী শাখা যাত্রা শুরু করে, তখন বামন্দী ছিল একেবারেই পিছিয়ে থাকা একটি গ্রামীণ জনপদ। কাঁচা রাস্তা, অপ্রতুল শিক্ষা, সামান্য বাণিজ্যড়এই ছিল বাস্তবতা। সেখান থেকেই শুরু হয়েছিল স্বপ্নের বীজ বপন। শুধু একটি ব্যাংক হিসেবেই নয়, জনতা ব্যাংক ধীরে ধীরে হয়ে উঠেছে এই জনপদের অর্থনৈতিক ভিত্তি। গ্রামের কৃষক, দিনমজুর, ক্ষুদ্র ব্যবসায়ী থেকে শুরু করে প্রবাসীড়সবাই তাদের সঞ্চয় এনে জমা রেখেছেন এই ব্যাংকে। সময়ের সঙ্গে সঙ্গে বেড়েছে আস্থা, জমেছে অর্থ। সাবিনা খাতুন, যিনি আগে মাটির হাঁড়ি বিক্রি করতেন হাটে হাটে, এখন একজন ক্ষুদ্র উদ্যোক্তা। তিনি বলেন, "ব্যাংকে একটু একটু করে টাকা জমাই, ওখান থেকেই দোকানটা দিয়েছি। আগে ভাবতাম, ব্যাংক শুধু বড়লোকদের জন্য। এখন বুঝি এই ব্যাংকই আমার সাহস।" আব্দুল হালিম, একজন প্রবাসী, বলেন,"দেশে টাকা পাঠিয়ে এখানেই জমা রাখি। বাড়ির লোকজন এখান থেকে সহজে টাকা তোলে, আবার আমিও কিস্তি জমাই। গ্রামের মধ্যেই এমন ব্যাংক থাকা মানে অনেক নিরাপত্তা।" ২৮ জুলাই, সোমবার। বামন্দী জনতা ব্যাংকে ছিল উৎসবের আমেজ। আমানত শত কোটি টাকা ছুঁয়ে ফেলার আনন্দে আয়োজন করা হয় কেক কাটা ও আলোচনা সভার। উপস্থিত ছিলেন ব্যাংকের খুলনা বিভাগীয় জিএম আবুল কালাম আজাদ, ডিপুটি জেনারেল ম্যানেজার মো. মফিজুর রহমান, এজিএম মো. আশরাফুজ্জামান, এবং শাখা ব্যবস্থাপক ইকবাল হোসেনসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা। জিএম আবুল কালাম আজাদ বলেন, "বামন্দী শহর নয়, তবু অর্থনৈতিকভাবে শহরের চেয়ে কম কিছু নয়। এই অর্জন গ্রাহকদেরড়তাদের নিরবিচার আস্থা, সঞ্চয় এবং ভালোবাসার ফল এই সাফল্য।" শাখা ব্যবস্থাপক ইকবাল হোসেন বলেন, "১৯৭৬ সালে যে শাখার যাত্রা শুরু, আজ তা হয়ে উঠেছে জনতা ব্যাংকের সর্বোচ্চ গ্রাহক সংখ্যার ব্রাঞ্চ। এই অর্জন বামন্দীর, এই অঞ্চলের প্রতিটি মানুষের।" জনতা ব্যাংকের এই অর্জন শুধুই আর্থিক সাফল্য নয়, এটি পল্লী উন্নয়নের এক জ্বলন্ত দৃষ্টান্ত। যেখানে গ্রাহক ও ব্যাংক একে অন্যের পাশে দাঁড়িয়ে তৈরি করেছে বিশ্বাসের এক শক্ত ভীত।

## বাধ্যতামূলক অবসরে আরও ৪

ডিআইজি আতিকা ইসলাম, রেলওয়ে পুলিশ ঢাকা সংযুক্ত ডিআইজি মোঃ মাহবুব আলম, শিল্পাঞ্চল পুলিশ সংযুক্ত ডিআইজি মোঃ মনির হোসেন, পুলিশ টেলিকম ঢাকা সংযুক্ত ডিআইজি এ কে এম নাহিদুল ইসলাম। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে বলে প্রজ্ঞাপনে জানানো হয়েছে। বর্তমান আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর থেকে দেশের নিরাপত্তা বাহিনীতে বড় ধরনের পরিবর্তন লক্ষ্য করা গেছে। ইতোমধ্যে প্রায় অর্ধশতাধিক পুলিশ কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়েছে। সরকারি সূত্রে জানা গেছে, এই পদক্ষেপগুলো 'জনস্বার্থে' নেয়া হয়েছে এবং প্রতিষ্ঠানকে আরও দক্ষ ও সুশৃঙ্খল করতে এগুলো অপরিহার্য বলে মনে করা হচ্ছে।

## মেহেরপুরে ছুরিকাঘাত মামলার

করে প্রথমে মেহেরপুর জেনারেল হাসপাতালে এবং সেখান থেকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। আহত সাগরের পরিবার জানায়, পারিবারিক বিরোধের জেরে পরিকল্পিতভাবেই সাগরের ওপর হামলা চালানো হয়েছে। এ ঘটনার তিন দিন পর, ২৬ জুলাই মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করা হয়। এরপর পুলিশ তদন্তে নেমে ২৭ জুলাই অভিযুক্ত মিয়ারুল ইসলামকে গ্রেপ্তার করে আদালতে সোপর্দ করে। মামলার তদন্ত কর্মকর্তা এসআই শরিফুল ইসলাম বলেন, "আসামিকে ধরতে পুলিশ তৎপর ছিল। তাকে গ্রেপ্তারের পর জিজ্ঞাসাবাদ চলছে। মামলাটি অত্যন্ত গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে।"

# প্রতিবন্ধী শিশুর জন্য হাত বাড়ান: মানবতার এক অনিবার্য দায়িত্ব

আশরাফুন নাহার



মা যখন তার ছোট্ট শিশুর নাম রাখলেন সিহাব, তখন হয়তো কখনও ভেবে দেখেননি, এই নামের সঙ্গে এমন এক কঠিন যাত্রা যুক্ত হবে যা জীবন ও ভবিষ্যৎকে টানতে টানতে দুর্বিষহ করে তুলবে। সিহাবের মতো অসংখ্য প্রতিবন্ধী শিশু আজও আমাদের চারপাশে রয়েছেড়তাদের স্বপ্ন, আকাঙ্ক্ষা ও জীবনের প্রতি তৃষ্ণা থাকা সত্ত্বেও, সমাজের অবহেলা ও উপযুক্ত সহায়তার অভাবে নিঃস্ব হয়ে পড়েছে তাদের ছোট ছোট পাখা।

আরেকদিকে, ছয় বছরের শিমুলের গল্প হৃদয় ছুঁয়ে যায়। জন্ম থেকেই সেরিব্রাল পালসিতে আক্রান্ত, কথা বলতে পারে না, হাত-পা ঠিকমতো চালাতে পারে না। অথচ তার বাবা-মায়ের চোখে রয়েছে সুস্থ হয়ে ওঠার সোনালী স্বপ্ন। দিনমজুর এই পরিবার, যেখানে দৈনন্দিন জীবনের খরচ নিয়েই হিমশিম খায়, তাদের পক্ষে মেয়ের চিকিৎসার ব্যয় বহন করা সহজ নয়। গ্রামের মানুষের কটু মন্তব্য"এ তো বোঝা" সন্তানসহ পরিবারের ওপর এক অতিরিক্ত মায়াবাহী বোঝা হয়ে ওঠে। কিন্তু মানবিক কিছু মানুষ, যারা প্রতিবন্ধী শিশুদের পাশে দাঁড়ায়, তাদের সহায়তায় তানহার চিকিৎসা সম্ভব হয়। আজ তানহা হুইলচেয়ারে বসে লেখাপড়া শিখছে, তার মুখে ফুটেছে এক মায়াবী হাসি, যা তার পরিবারের জন্য এক নতুন আশার দীপ। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও বিভিন্ন চিকিৎসকরা জানাচ্ছেন, সেরিব্রাল পালসি হলো মস্তিষ্কের এমন এক শারীরিক সমস্যা যা শিশুর চলাচল ও অন্যান্য শারীরিক কার্যক্রমকে সীমাবদ্ধ করে। বাংলাদেশে এর আক্রান্ত শিশুর সংখ্যা আশঙ্কাজনক মাত্রায়। তবে সমাজে এখনও প্রচলিত রয়েছে ধারণা, এই শিশুরা সমাজে কোনো কাজের নয়, তারা কেবল বোঝা। কিন্তু বাস্তবতা সম্পূর্ণ ভিন্ন। সঠিক চিকিৎসা, শিক্ষা ও মানবিক সহায়তা পেলে তারা পরিশ্রম ও মেধায় সমাজের গর্ব হতে পারে। তুহিনের কাহিনী এই সত্যের অনন্য উদাহরণ। ছোটবেলা থেকেই বিশেষ স্কুলে ভর্তি তুহিন আজ একজন দক্ষ গ্রাফিক ডিজাইনার। তার ডিজাইনগুলো অনলাইনে বিক্রি হয়, যার মাধ্যমে সে আত্মনির্ভরশীল। আর আলম, যিনি সেরিব্রাল পালসিতে আক্রান্ত, হাঁটতে না পারলেও কম্পিউটার দক্ষতা অর্জন করে ডেটা এন্ট্রি অপারেটর হিসেবে কর্মজীবনে সফল। তাদের সাফল্য প্রমাণ করে, প্রতিবন্ধী শিশুরা প্রণোদনা ও সুযোগ পেলে সমাজে অবদান রাখতে পারে।তবে এই সাফল্যের পেছনে রয়েছে পরিবার, সমাজ, বিশেষ স্কুল ও সহায়তাকারী সংস্থার অক্লান্ত পরিশ্রম ও সহযোগিতা। আমাদের দেশের অনেক প্রতিবন্ধী শিশু আজও তার মতো সুযোগ থেকে বঞ্চিত। তাই আমরা একটি ব্যাপক এবং কার্যকর উদ্যোগ গ্রহণ করতে বাধ্য। প্রথমত, উন্নত চিকিৎসা ও ফিজিওথেরাপির ব্যবস্থা নিশ্চিত করতে হবে। বিশেষজ্ঞ চিকিৎসা ও নিয়মিত থেরাপি পেলে প্রতিবন্ধী শিশুরা শারীরিকভাবে অনেকটাই স্বাভাবিক জীবনযাপন করতে সক্ষম হয়। দ্বিতীয়ত, প্রতিবন্ধী শিশুদের জন্য বিশেষ শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা জরুরি। যেখানে তারা মানসম্পন্ন শিক্ষা ও প্রয়োজনীয় সহায়তা পাবে। তৃতীয়ত, তাদের চিকিৎসা, থেরাপি ও শিক্ষার খরচ বহনের জন্য আর্থিক সহায়তা ও নিয়মিত পৃষ্ঠপোষকতা প্রয়োজন। অনেক পরিবারই চিকিৎসার ব্যয় বহন করতে অক্ষম। চতুর্থত, বিশেষ প্রশিক্ষণ ও দক্ষতা অর্জনের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা অত্যন্ত জরুরি। যাতে প্রতিবন্ধী ব্যক্তিরা স্বাধীন হয়ে নিজেদের পায়ে দাঁড়াতে পারে। সবচেয়ে গুরুত্বপূর্ণ, আমাদের সমাজের দৃষ্টিভঙ্গি বদলাতে হবে। প্রতিবন্ধী শিশুদের শুধু অসহায় বা বোঝা ভাবার বদলে তাদের মানবিক মর্যাদা ও সম্ভাবনার প্রতি শ্রদ্ধাশীল হতে হবে। সহানুভূতি ও ভালোবাসার হাত বাড়িয়ে তাদের পাশে দাঁড়াতে হবে। কারণ, তারা নিজেরা সাহায্যের হাত বাড়াতে পারে না, আর তাদের পরিবারের আর্তনাদ যদি আমরা না শুনি, তাহলে কে শুনবে? প্রতিবন্ধী শিশুরা আমাদের সহায়তা পেলে শুধু বেঁচে থাকবে না, বরং তাদের মেধা ও শ্রম দিয়ে দেশের উন্নয়নে অবদান রাখতে পারবে। তাদের জীবনে মানবিক সহায়তা ও প্রশিক্ষণের মাধ্যমে আলোর ঝলকানি এনে দেওয়া আমাদের নৈতিক দায়িত্ব। শিমুলের মতো, সিহাবের মতো অসংখ্য শিশু আজও এই পৃথিবীতে বাঁচতে, হাসতে ও স্বপ্ন দেখতে চায়। আসুন, আমরা তাদের জন্য হাত বাড়াই, তাদের পাশে দাঁড়াই। শুধুমাত্র আমাদের সামান্য সহায়তাই তাদের জীবনকে বদলে দিতে পারে, এক নতুন আশা ও সম্ভাবনার দ্বার খুলে দিতে পারে। আমাদের মানবিকতা ও দায়িত্ববোধই তাদের জীবনকে পূর্ণ করে তুলবে। প্রতিবন্ধী শিশুর জন্য হাত বাড়ান, এটাই মানবতার জয়। (লেখক: ডেভেলোপমেন্টাল থেরাপিস্ট,শিশু বিকাশ কেন্দ্র শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ)

# যাদের দোয়া আল্লাহ ফিরিয়ে দেন না

ফয়জুল্লাহ রিয়াদ

দোয়া ইবাদতের মূল। মানুষের ভাগ্য তার প্রচেষ্টা ও দোয়ার মাধ্যমে পরিবর্তন হয়। যেমন হাদিসে এসেছে, রাসুল (সা.) বলেছেন, 'দোয়া ছাড়া আর কিছুই আল্লাহর সিদ্ধান্তকে বদলাতে পারে না (তিরমিজি, হাদিস ২১৩৯)। দুনিয়ার কোন মানুষের কাছে যদি আমরা কিছু চাই তখন তিনি রাগ বা বিরক্ত হোন, কিন্তু আল্লাহ রাব্বুল আলামীন এত বেশি দয়ালু যে, তার কাছে কিছু চাইলে তিনি খুশি হন। এমনকি না চাইলে তিনি রাগ করেন। যেমন হাদিসে এসেছে, রাসুল (সা.) বলেছেন, যে ব্যক্তি আল্লাহর কাছে কিছু চায় না, আল্লাহ তার ওপর রাগ হন (তিরমিজি, হাদিস)।এছাড়াও স্বয়ং আল্লাহতায়ালা নিজেই তার কাছে চাওয়ার জন্য এবং যা চাইব তা দেওয়ার জন্য প্রতিশ্রুতি দিয়েছেন। পবিত্র কুরআনে যেমন তিনি বলেন, তোমরা আমার কাছে দোয়া করো। আমি তোমাদের দোয়া কবুল করব (সুরা মুমিন, আয়াত ৬০)। অন্যত্র বলেন, হে রাসুল! যখন আমার বান্দা আমার সম্পর্কে আপনাকে জিজ্ঞেস করে, তখন বলে দিন- আমি বান্দার খুব কাছেই আছি। সে যখনই আমার কাছে দোয়া করে, আমি তার দোয়া কবুল করি(সুরা বাকারা, আয়াত ১৮৬)।

দোয়া করা বড় উপকারী ইবাদত। কাজেই এই উপকারী ইবাদত তথা দোয়া কবুলের কিছু বিশেষ সময় রয়েছে। যে-সব সময়ে দোয়া করলে দোয়া অবশ্যই কবুল করা হয়। হাদিসে আছে মহান রাব্বুল আলামিন কিছু মানুষের দোয়া ফিরিয়ে দেন না অবশ্যই কবুল করেন। এক : রোগীর দোয়া: রোগাক্রান্ত ব্যক্তির দোয়া আল্লাহর কাছে বিশেষ গ্রহণযোগ্য। নবীজি (সা.) বলেছেন, 'যখন তোমরা কোনো রোগীর কাছে যাও বা তাকে দেখতে যাও, তখন তাকে বলো যেন সে তোমার জন্য দোয়া করে। কারণ, তার দোয়া ফেরেশতাদের দোয়ার মতো' (সুনান তিরমিজি, হাদিস : ৩,৫৯৮)। দুই : রোজাদারের দোয়া: রোজাদারের দোয়া অত্যন্ত কার্যকর। নবী (সা.) বলেছেন,'রোজাদারের দোয়া ইফতারের সময় ফিরিয়ে দেওয়া হয় না' (সুনানে ইবনে মাজাহ, হাদিস: ১,৭৫৩)। তিন : মা বাবার দোয়া: নবীজি (সা.) বলেছেন, 'তিনজনের দোয়া নিশ্চিতভাবে কবুল হয়। মজলুমের দোয়া, মুসাফিরের দোয়া ও পিতার সন্তানের জন্য দোয়া' (সুনানে তিরমিজি, হাদিস : ১,৯০৫)।

চার : অনুপস্থিত ব্যক্তির জন্য দোয়া: নবীজি (সা.) বলেছেন, 'যখন কোনো মুসলিম তার ভাইয়ের অনুপস্থিতিতে তার জন্য দোয়া করে, তখন ফেরেশতা বলে, 'আমিন, তোমার জন্যও তাই হোক' (সহিহ মুসলিম, হাদিস : ২,৭৩২)।

## মেহেরপুরে বিএনপির লিফলেট

হিসেবে দৃশ্যমান হয়। এই কর্মসূচিতে নেতৃত্ব দেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। এ সময় সঙ্গে ছিলেন শ্যামপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মো. সাইদুল ইসলাম, এক নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি মো. শাহাবুদ্দিন ও সাধারণ সম্পাদক হোসেন আলী, দুই নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি জাকির হোসেন ও সাধারণ সম্পাদক শাহাবুদ্দিন মালিথা, এবং ৯ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি আসাদুল ইসলাম। এছাড়াও কুতুবপুর ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডসহ আশপাশের বিভিন্ন এলাকা থেকে বিএনপি, যুবদল, ছাত্রদল ও স্বেচ্ছাসেবক দলের বিপুলসংখ্যক নেতাকর্মী অংশ নেন। পথসভার প্রতিটি স্তরে অ্যাড.কামরুল হাসান লিফলেট হাতে জনগণের সঙ্গে সরাসরি মতবিনিময়ে অংশ নেন। জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান জানান এই কর্মসূচির লক্ষ্য শুধু ৩১ দফা দাবির প্রচার নয়, বরং তৃণমূল পর্যায়ে দলের শক্তি, ঐক্য ও সম্পৃক্ততা বাড়ানো। তিনি আরও জানান, ভবিষ্যতেও ধারাবাহিকভাবে এ ধরনের কর্মসূচি চলবে।

## মেহেরপুরে পারফরমেন্স ভিত্তিক

ইন্সটিটিউশন (এসইডিপি) স্কিমের আওতায় কৃতী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার (২৮ জুলাই) দুপুরে মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে ২০২২ শিক্ষাবর্ষের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের মোট ৩১ জন শিক্ষার্থীকে পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. একেএম নজরুল কবির। সভাপতিত্ব করেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা শিক্ষা অফিসার হযরত আলী। স্বাগত বক্তব্য দেন সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সহকারী জেলা শিক্ষা অফিসার আব্দুর রহিম, সাংবাদিক তোজাম্মেল আজম, মেহেরপুর জেলা শিক্ষক সমিতির সভাপতি ইসরাইল হোসেন, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সাবেক আহ্বায়ক ইমতিয়াজ আহমেদ, অভিভাবক আল মামুন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সাদিয়া ইসলাম এবং কুমারী পূর্ণিমা বালা। অনুষ্ঠানটি মেহেরপুর জেলা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের যৌথ উদ্যোগে আয়োজন করা হয়। পুরস্কার বিতরণ শেষে উপস্থিত অতিথিবৃন্দ শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যতের জন্য শুভকামনা জানান।

## শহীদ পরিবার ও জুলাই যোদ্ধাদের

একেএম আবু সাঈদ, অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার হযরত আলী, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আসাদুল ইসলাম, জেলা কমান্ড্যান্ট কামরুজ্জামান, মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, জেলা ক্রীড়া কর্মকর্তা আরিফ আহমেদ, জেলা তথ্য অফিসার আব্দুল আল মামুন, ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক রুহুল আমিন প্রমুখ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ৪ আগস্ট জুলাই যোদ্ধাদের মায়েদের সংবর্ধনা প্রদান এবং ৫ আগস্ট ঐতিহাসিক জুলাই অভ্যুত্থানে নিহতদের স্মরণে স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণসহ বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করা হবে।

## মেহেরপুর জামায়াতের সভা

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের আমীর ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী মাওলানা তাজ উদ্দিন খান। আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন উপজেলা জামায়াতের সেক্রেটারি জাব্বারুল ইসলাম, জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, স্থানীয় নেতা মিয়ারুল ইসলামসহ ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের দায়িত্বশীলরা। বক্তারা বলেন, সংগঠনকে আরও তৃণমূল পর্যায়ে শক্তিশালী করতে হবে। জনগণের সঙ্গে নিবিড় সম্পর্ক গড়ে তুলে তাদের আস্থা ও সমর্থন অর্জনের মধ্য দিয়েই আগামী নির্বাচনে কার্যকর উপস্থিতি নিশ্চিত করা সম্ভব।

## নির্বাচনের আগে প্রয়োজন অনুযায়ী

দিয়েছেন প্রধান উপদেষ্টা। পাশাপাশি এসব এলাকায় অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের বিষয়েও তৎপরতা শুরু হয়েছে। প্রেস ব্রিফিংয়ে আরও জানানো হয়, প্রতিটি জেলা থেকে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে নিয়মিত সিচুয়েশন রিপোর্ট কেন্দ্রীয়ভাবে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। এতে করে সরকারের উচ্চপর্যায়ের কর্মকর্তারা মাঠপর্যায়ের পরিস্থিতি অনুধাবন করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারবেন। প্রেস সচিব শফিকুল আলম জানান, আইন-শৃঙ্খলা বাহিনীর নির্বাচনকালীন প্রস্তুতি নিয়ে দুই ঘণ্টাব্যাপী বৈঠক করেছেন প্রধান উপদেষ্টা। সভায় সেনাবাহিনী, পুলিশ ও স্থানীয় প্রশাসনের মধ্যে সমন্বয় বৃদ্ধির ওপর বিশেষ জোর দেওয়া হয়। বৈঠকে জানানো হয়, আগামী সেপ্টেম্বরে দেড় লাখ পুলিশ সদস্যের প্রশিক্ষণ শুরু হবে। তিনি আরও জানান, "নির্বাচন ঘিরে সামাজিক মাধ্যমে অপপ্রচার বাড়ছে, তা মোকাবিলায় একটি জাতীয় তথ্যকেন্দ্র (ন্যাশনাল ইনফরমেশন সেন্টার) প্রতিষ্ঠার প্রাথমিক পরিকল্পনা নেওয়া হয়েছে। পাশাপাশি পুলিশের সদ্য গঠিত কমান্ড সেন্টারে একটি মিডিয়া সেন্টার স্থাপনের বিষয়েও আলোচনা হয়েছে।" এ প্রসঙ্গে তিনি বলেন, "পুলিশের অনেক ভালো কাজ মানুষের কাছে পৌঁছায় না। একটি মিডিয়া সেন্টার থাকলে প্রতিদিন সংবাদ সম্মেলনের মাধ্যমে মানুষের কাছে তথ্য পৌঁছানো সহজ হবে।" প্রধান উপদেষ্টা আরও বলেন, "নির্বাচনের সময় সেনাবাহিনী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সেনাবাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, তারা ৫ আগস্টের পর মাঠে নামবে এবং মোট ৬০ হাজার সদস্য নির্বাচনী দায়িত্ব পালন করবেন।" সেনাবাহিনীকে ম্যাজিস্ট্রেসি ক্ষমতা দেওয়া হচ্ছে এবং তারা স্ট্রাইকিং ফোর্স হিসেবে আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে থাকবে। এছাড়া, গোয়েন্দা সংস্থার ভূমিকা নিয়েও বৈঠকে আলোচনা হয়। নির্বাচনের সময় কোনো ধরনের গোয়েন্দা দুর্বলতা যেন না থাকে, সে বিষয়ে সতর্ক থাকতে বলা হয়েছে এবং বিভিন্ন গোয়েন্দা সংস্থার মধ্যে সমন্বয় বৃদ্ধির নির্দেশ দেওয়া হয়েছে।

## সন্ত্রাসবিরোধী কার্যক্রমে অন্তর্বর্তী

গুরুত্বপূর্ণ আলোচনা হয়। শফিকুল আলম বলেন, "ড. ইউনূস বলেন, অন্তর্বর্তী সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার হচ্ছে সন্ত্রাসবিরোধী কার্যক্রম। তিনি স্পষ্ট করে জানিয়েছেন, সন্ত্রাসীদের ব্যাপারে এই সরকারের কোনো ধরনের সহনশীলতা থাকবে না এবং জিরো টলারেন্স নীতি কঠোরভাবে অনুসরণ করা হবে।" তিনি আরও যোগ করেন, "বর্তমানে একটি প্রতিনিধি দল যুক্তরাষ্ট্রে যাচ্ছেন যেখানে তারা শুল্ক বিষয়ক আলোচনা করবেন। এ প্রতিনিধিদলের সঙ্গে ব্যবসায়ীদের একটি গ্রুপও রয়েছে যারা আলোচনায় অংশগ্রহণ করবেন।" সন্ত্রাসবাদের বিরুদ্ধে এ দৃঢ় অবস্থান নেওয়ায় অন্তর্বর্তী সরকারের লক্ষ্য দেশের নিরাপত্তা নিশ্চিত করা এবং আগামী নির্বাচনের শান্তিপূর্ণ পরিবেশ সুনিশ্চিত করা।

## উমামা ফাতেমা

অনিয়ম ও দখলদারিত্ব হবে। এটা দেখে খুব কষ্ট পাই। কারণ আমরা একসময় এই আন্দোলনে নির্ভেজাল বিশ্বাস করেছিলাম।' তিনি বলেন, '৫ আগস্টের পর বিভিন্ন স্থানে সমন্বয়ক পরিচয়ে অনেকেই দখলদার হিসেবে উঠে এসেছে। কেউ কেউ চাঁদাবাজি করছে, আবার কেউবা রাজনৈতিক রক্ষী বাহিনী হিসেবে কাজ করছে। আমি ভাবছি, এ কি আসলে নতুন রক্ষী বাহিনী তৈরি করা হচ্ছে?' উমামা ফাতেমা জানান, 'আন্দোলনের শুরু থেকে আমি অনেক কিছু দেখেছি। ছোট ছোট মিছিল থেকে শুরু করে, মানুষ জীবন দিতে প্রস্তুত ছিল স্বৈরাচার মোকাবেলায়। সেই সময় আমরা একটা স্বপ্ন দেখেছিলামড়দেশের পরিবর্তন। কিন্তু আজ সেই স্বপ্নটা বিকৃত হয়ে কেবল 'মানি মেকিং মেশিন' হিসেবে ব্যবহৃত হচ্ছে।' তিনি বলেন, 'আন্দোলন শেষে আমি ছাত্র ফেডারেশন থেকে সরে এসে স্বাধীনভাবে কাজ শুরু করি। এর ফলে কিছু পক্ষ আমাকে বিচ্ছিন্ন করেছে, ডাকতেও নারাজ। কারণ আমি প্ল্যাটফর্মটি বন্ধের কথা বলেছিলাম।' উমামা ফাতেমা সমন্বয়কদের ভূমিকা নিয়ে বলেন, 'বেশিরভাগ সমন্বয়ক কার্যকর ছিলেন না, মানুষ স্বতঃস্ফূর্তভাবে আন্দোলনে যোগ দিয়েছিল। তবে অনেক সময় সমন্বয়ক পরিচয় দখলদারিত্বের মাধ্যম হয়ে দাঁড়িয়েছে।' তিনি মনে করেন, 'বৈষম্যবিরোধী আন্দোলনের পর জনগণের গণ-অভ্যুত্থান হয়েছে। এখন দরকার সকলের একাত্মতা ও সহযোগিতা, যাতে দেশের সংকট মোকাবেলা করা যায়।' নিজের ব্যক্তিগত জীবন নিয়ে উমামা বলেন, 'আমার পরিবারের অর্থনৈতিক অবস্থা ভালো। আমি হাজার কোটি টাকা কামানোর প্রশ্নই মানি না। আমার একমাত্র লক্ষ্য দেশের জন্য কিছু করা।' উমামা ফাতেমার এই বক্তব্যগুলো আলোচনার জন্ম দিয়েছে রাজনৈতিক মহলে। একদিকে যেমন তিনি আন্দোলনের আসল চিত্র তুলে ধরেছেন, অন্যদিকে তাতে উঠে এসেছে সমন্বয়কদের অশুভ কর্মকাণ্ডের দিক। অনেকেই মনে করছেন, এটি বর্তমান আন্দোলন এবং রাজনীতির অবস্থা বুঝতে গুরুত্বপূর্ণ। উমামার মতে, 'আমাদের চাই গণতান্ত্রিক পরিবেশে সব শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণ, যাতে দেশের প্রতি মানুষের আস্থা ফিরে আসে এবং সুষ্ঠু পরিবর্তন সম্ভব হয়।'

## গাংনীতে আইন শৃঙ্খলা ও গ্রাম

উপজেলার বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, পুলিশ, বিজিবি, র‍্যাব ও স্থানীয় প্রতিনিধিরা। সভায় আইন শৃঙ্খলা রক্ষায় গৃহীত পদক্ষেপ ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা হয়। এরপর, সোমবার একই কক্ষে অনুষ্ঠিত হয়েছে গাংনী উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির ত্রৈমাসিক সভা। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত এ সভায় উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন সভাপতিত্ব করেন। তিনি ৯টি ইউনিয়নের গ্রাম আদালতের কার্যক্রমের তথ্য তুলে ধরেন এবং জানান, চলতি সময়ে মোট ৭৩টি মামলা গ্রহণ ও ৬৪টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। সভায় গাংনী প্রেস ক্লাব সভাপতি তৌহিদ উদ্দৌলা রেজা, ইউনিয়ন চেয়ারম্যান, উপজেলা সমন্বয়কারী ও সরকারি কর্মকর্তারা অংশগ্রহণ করেন এবং গ্রাম আদালতের কার্যকারিতা বাড়ানোর নানা দিক নিয়ে আলোচনা করেন।

## আমাদের সূর্যোদয়ে সংবাদ প্রকাশের

অপসারণের কাজ শুরু হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, প্রায় ১ কোটি ২৮ লাখ ৪৯ হাজার টাকা ব্যয়ে সড়কের ১৭০০ মিটার অংশের সংস্কার কাজ পায় ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স নুর ইসলাম এন্টারপ্রাইজ। তবে ২১ এপ্রিল নির্ধারিত সময়সীমা পার হলেও এখনো প্রকল্পের অর্ধেক কাজও শেষ হয়নি। সরেজমিন ঘুরে দেখা যায়, সড়কের কাজে ব্যবহৃত অনেক ইট ছিল ভাঙা, ক্ষয়প্রাপ্ত ও নিম্নমানের। এলাকাবাসীর অভিযোগ, "এইসব ইট দিয়ে কাজ করলে দুই বছরও টিকবে না। সরকার কোটি টাকা ব্যয় করছে, কিন্তু কাজের মান দেখলে মনে হয় যেন লোক দেখানো সংস্কার।" নাম প্রকাশে অনিচ্ছুক এক স্থানীয় জনপ্রতিনিধি জানান, "আমরা একাধিকবার এলজিইডি কর্তৃপক্ষকে বিষয়টি জানালেও কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। উল্টো চোখ রাঙানি পেয়েছি।"

স্থানীয়রা অভিযোগ করেন, ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিক নুর ইসলাম একজন সক্রিয় বিএনপির ঘনিষ্ঠ কর্মী হওয়ায় অনেকেই প্রকাশ্যে কথা বলতে সাহস পাচ্ছেন না। এক স্থানীয় দোকানদার বলেন, "এমনিতেই এলাকায় রাজনৈতিক উত্তেজনা আছে, তার ওপর এই ঠিকাদার প্রভাবশালী। আমরা প্রতিবাদ করেও নিরাপত্তাহীনতায় ভুগছি।"

## মুজিবনগরে কৃষকদের মাঝে পেঁয়াজ

প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মন্ডল। কৃষি কর্মকর্তারা জানান, এ প্রযুক্তির ব্যবহারে পেঁয়াজ দীর্ঘদিন ভালো রাখা সম্ভব হবে। ফলে পচন ও ক্ষতির আশঙ্কা কমবে, কৃষকের আর্থিক লাভ বাড়বে এবং বাজারে পণ্যের সরবরাহও স্থিতিশীল থাকবে। অনুষ্ঠানে অংশগ্রহণকারী কৃষকেরা অভিজ্ঞতা বিনিময় করেন এবং এমন সহায়তা পেয়ে সন্তোষ প্রকাশ করেন। তারা জানান, সরকারি এই সহায়তা বাস্তব চাহিদার প্রতিফলন এবং ভবিষ্যতে আরও উদ্ভাবনী সহায়তার প্রত্যাশা ব্যক্ত করেন।

## মেহেরপুরে মাদক মামলায় দুইজনের

পরিমাণ অর্থদণ্ড দেওয়া হয়েছে। তবে রায় ঘোষণার সময় ইমরান আদালতে উপস্থিত ছিলেন না। ফলে আদালত তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন।

মামলার এজাহার সূত্রে জানা গেছে, ২০২২ সালের একটি রাতে গাংনী থানা পুলিশের এসআই মো. মোস্তফা শওকত জামান সঙ্গীয় ফোর্সসহ মাদকবিরোধী বিশেষ অভিযানে অংশ নেন। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয় কাজিপুর ইউনিয়নের আলমবাজার বাগানপাড়া এলাকায়। সেখানে মো. রিফাজ নামের এক ব্যক্তির বাড়ি ঘেরাও করে অভিযান পরিচালিত হয়। অভিযানে ঘটনাস্থল থেকে মো. আলফাজ ও মো. ইমরানকে আটক করা হয়। তাদের দেহ তল্লাশি করে প্রত্যেকের কোমর থেকে ৫ পুরিয়া করে হেরোইন উদ্ধার করা হয়। ঘটনাস্থলেই তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়। ঘটনার পর তদন্ত কর্মকর্তা এসআই শওকত জামান আদালতে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। মামলাটির সাক্ষ্যগ্রহণ ও শুনানি শেষে বিচারক উভয় আসামির বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় সশ্রম কারাদণ্ড ও অর্থদণ্ডের আদেশ ঘোষণা করেন।

## ২৯ জুলাই : লাল কাপড় বেঁধে

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ৯ দফা দাবির বিষয়টিও তিনি খুদে বার্তায় উল্লেখ করেন। নতুন কর্মসূচির কথা সামাজিক যোগাযোগমাধ্যমেও প্রচার করা হয়।

কর্মসূচি ঘোষণার পর সোমবার দিবাগত রাত ১২টা থেকে এ কর্মসূচি পালন করতে শুরু করে শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। এই কর্মসূচি ঘোষণার পর অনেক তারকাও ফেসবুক প্রোফাইল ছবি পরিবর্তন করেন।

এদিকে সোমবার দুপুরে অনুষ্ঠিত মন্ত্রীর সভার বৈঠকে কোটা সংস্কার দাবির আন্দোলনকে ঘিরে ছড়িয়ে পড়া সহিংসতায় নিহত ব্যক্তিদের স্মরণে মঙ্গলবার দেশব্যাপী শোক পালন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বলা হয়, শোক পালনের অংশ হিসেবে কালো ব্যাজ ধারণ করা হবে। আর নিহত ব্যক্তিদের আত্মার মাগফিরাত কামনা করে সব মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হবে। এ ছাড়া মন্দির, গির্জা, প্যাগোডাসহ সব ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।

এদিকে সোমবার কোটা সংস্কার আন্দোলনের সমন্বয়কদের 'জিম্মি' করে বিবৃতি আদায়ের প্রতিবাদ, গুম-গ্রেফতারকৃতদের মুক্তি, মিথ্যা মামলা প্রত্যাহার এবং ছাত্র-জনতার হত্যার বিচারের দাবিতে দেশের বিভিন্ন স্থানে বিক্ষোভ ও অবস্থান কর্মসূচি পালন করে আন্দোলনরত শিক্ষার্থীরা।

এইদিন শিক্ষার্থীরা পূর্বঘোষিত বিক্ষোভ কর্মসূচি পালনে রাস্তায় নেমে প্রতিবাদ জানায়। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কঠোর অবস্থানের মধ্যেও ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, সিলেট, কুমিল্লা, বরিশাল, ঠাকুরগাঁও, বগুড়া, যশোর, সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, নোয়াখালীসহ কয়েক জেলার কিছু স্থানে বিক্ষোভ করেন তারা। আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা এদিনও কর্মসূচিস্থল থেকে শিক্ষার্থীদের আটক করে।

সোমাবার রাজধানীর পল্টন, সেগুনবাগিচা, সায়েন্সল্যাব, ইসিবি চত্বর, মিরপুর-১০ নম্বর গোলচত্বরসহ কয়েকটি এলাকায় জড়ো হন শিক্ষার্থীরা। আইনশৃঙ্খলা বাহিনীর ধাওয়া ও লাঠিচার্জে তারা ছত্রভঙ্গ হয়ে যান। শুধু ঢাকায় জমায়েত হওয়ার স্থান থেকে কমপক্ষে অর্ধশত শিক্ষার্থীকে আটক করা হয়।

২৯ জুলাই অফিস-আদালতে স্বাভাবিক কাজকর্ম হয়েছে। রাজধানীর অধিকাংশ এলাকার পরিবেশ প্রায় স্বাভাবিক ছিল। অধিকাংশ সড়কে যানবাহন চলাচল স্বাভাবিক ছিল।

দশম দিনের মতো দেশে কারফিউ অব্যাহত থাকে, যদিও দিনের বেলার কারফিউ শিথিল থাকার সময় সীমা বাড়ানো হয়।

সোমবার সকাল থেকেই বিপুলসংখ্যক আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য রাজধানীর বিভিন্ন স্থানে মোতায়েন করা হয়। পাশাপাশি র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)'কে তাদের হেলিকপ্টার ব্যবহার করে টহল দিতে দেখা যায়। সেনাবাহিনীর সদস্যদেরও রাজধানীর বিভিন্ন সড়কে টহল দিতে দেখা যায়।

এছাড়াও বিভিন্ন স্থানে বসানো হয় চেকপোস্ট। পুলিশ মাইকিং করে কাউকে এক জায়গায় জড়ো না হতে হুঁশিয়ারিও দেয়। আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি ক্ষমতাসীন আওয়ামী লীগের নেতাকর্মীরা মাঠে অবস্থান করেন।

কোটা সংস্কার আন্দোলনের ছয় সমন্বয়ককে ডিবি কার্যালয়ে তুলে নিয়ে গিয়ে তাদের খাওয়ানোর ছবি প্রকাশ করাকে জাতির সঙ্গে মশকরা বলে মন্তব্য করেন হাইকোর্ট।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ছয় সমন্বয়ককে অবিলম্বে মুক্তি ও আন্দোলনকারীদের ওপর গুলি না চালানোর নির্দেশনা চেয়ে রিটের শুনানিতে রাষ্ট্রপক্ষের উদ্দেশে হাইকোর্ট এ কথা বলেন।

এদিকে রাতে গণভবনে কেন্দ্রীয় ১৪ দলের নেতাদের সঙ্গে বৈঠকে বসেন আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। বৈঠকে জামায়াত-শিবিরের রাজনীতি নিষিদ্ধে ১৪ দলের নেতারা একমত হন।

বৈঠকে শেষে ওবায়দুল কাদের বলেন, ১৪ দলের নেতারা মনে করেন, 'বিএনপি-জামায়াত, ছাত্রদল ও শিবির তাদের দোসর জঙ্গি গোষ্ঠীকে নিয়ে বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব নস্যাৎ করার ষড়যন্ত্রে লিপ্ত। তাই ১৪ দলের নেতারা সর্বসম্মতিক্রমে জামায়াত ও শিবিরকে রাজনীতিতে নিষিদ্ধে একমত হয়েছেন।'

কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে মৃত্যু, গুলিবর্ষণ, গ্রেপ্তারসহ নির্যাতনের নানা ঘটনার সত্য উদঘাটনে 'জাতীয় গণতদন্ত কমিশন' গঠন করা হয়। সোমবার দুপুরে সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে 'গণহত্যার বিচার চাই; গায়েবি মামলা, গ্রেপ্তার ও নির্যাতন বন্ধ করো' শীর্ষক আইনজীবীদের এক মানববন্ধন থেকে এই কমিশন গঠনের ঘোষণা দেওয়া হয়।

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, সরকার কর্তৃক প্রকাশিত চলমান কোটা আন্দোলনে নিহতদের নাম ও সংখ্যা গ্রহণযোগ্য নয়। গণমাধ্যমে প্রকাশিত সংবাদে নিহতের এ সংখ্যা অনেক বেশি।

এদিকে আন্দোলনে শিক্ষার্থী হত্যাকাণ্ড ও সামগ্রিক ঘটনা জাতিসংঘের তত্ত্বাবধানে নিরপেক্ষ তদন্তসহ ছয় দফা দাবি জানায় গণতন্ত্র মঞ্চ।